ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT – SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

22 NOVEMBER 2024 7:35 AM IST

মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা গতকাল আসাম বিধানসভা প্রাঙ্গনে নতুন আয়োতন সংযোজন করে নির্মান করা নিয়ন্ত্রণ কক্ষ, আসাম বিধানসভার নতুন ভবণের কেফেটেরীয়া, ডিজিট্যাল করিডোর, স্মার্ট খুটা এবং প্রাচীন আসামের বলীয়া পাথরে নির্মীত একক স্তম্ভের উদ্বোধন করেন ।

এ উপলক্ষে আসাম বিধানসভা প্রাঙ্গনে আয়োজিত এক সভায় বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা আসামের সাংস্কৃতিক দৃশ্যপটে উপজাতী সম্প্রদায়ের কলা-কৃষ্টি-সংস্কৃতি একটি গুরুত্বপূর্ণ স্থান দখল করে রয়েছে বলে মন্তব্য করেন । মূখ্যমন্ত্রী কাছাড়ী রাজাদের ঐতিহাসিক কীর্তিচিহ্নের সাক্ষর বহন করা ভাষ্কর্য্য শিল্পের নিদর্শনস্বরূপ মনলিথা বা শিলাস্তম্ভগুলি তথ্য-প্রযুক্তি সংক্রান্ত পদক্ষেপের মাধ্যমে আসাম বিধানসভাকে নবরূপ প্রদান করেছে বলে সন্তোষ প্রকাশ করেন । কাছারী রাজাদের এই কীর্তিচিহ্নগুলি উত্তর-পুর্ব ভারতের ইতিহাসে বিশেষ ভূমিকা পালন করে আসছে বলেও মূখ্যমন্ত্রী উল্লেখ করেন । শিল্প ও স্থাপত্যের প্রতি কাছারী রাজাদের আগ্রহ এই কীর্তিচিহ্নগুলি প্রকাশ করে বলে মূখ্যমন্ত্রী মন্তব্য করেন ।

অনুষ্ঠানে আসাম বিধানসভার অধ্যক্ষ বিশ্বজিৎ দৈমারী, উপাধ্যক্ষ ডক্টর নুমাল মোমিন প্রমূখ বক্তব্য রাখেন ।

আসাম সরকার করিমগঞ্জ জেলাকে শ্রীভূমি জেলা হিসেবে নতুন নামকরণ করে বিজ্ঞপ্তি জারি করেছে । রাজ্য মন্ত্রীসভার বৈঠকে এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করার পর রাজ্যপালের অনুমোদন সাপেক্ষে গতকাল রাজ্য সরকাররের সাধারণ প্রশাসন বিভাগ এই নির্দেশ জারি করে । উল্লেখ্য গত বুধবার অনুষ্ঠিত আসাম মন্ত্রীসভার বৈঠকে করিমগঞ্জের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্যকে ন্যায়সংগত রূপে প্রকাশ করার জন্য করিমগঞ্জ জেলাকে শ্রীভূমি নামে নামকরণ করার বিষয়ে অনুমোদন জানানো হয়েছিল ।

---

কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা পর্ষদ (সি বি এস ই) দশম ও দ্বাদশ শ্রেণীর বোর্ড পরীক্ষা আগামী বছর ১৫ই ফেব্রুয়ারী থেকে আরম্ভ হবে বলে জানিয়েছে । পর্ষদ জানিয়েছে , দশম শ্রেণীর পরীক্ষা ১৮ই মার্চ এবং দ্বাদশ শ্রেণীর পরীক্ষা চৌঠা এপ্রিল শেষ হবে ।

---

ভারতীয় প্রশাসনিক সেবার প্রবীন আধিকারিক কে সঞ্জয় মূর্তি দেশের নতুন কমপ্ট্রোলার এন্ড অডিটি জেনারেল হিসেবে শপথ গ্রহণ করেছেন । রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মূর্মু গতকাল সকালে রাষ্ট্রপতি ভবণে শ্রী মূর্তিকে শপথ বাক্য

পাঠ করান । শ্রী মূর্তি এর আগে উচ্চ শিক্ষা বিভাগের সচিব হিসেবে কার্যনির্বাহ করেছেন ।

---

কাজিরাঙ্গায় আগামী ২৭শে নভেম্বর থেকে দুদিনব্যাপী কার্যসূচির মাধ্যমে দ্বাদশ আর্ন্তজাতিক পর্যটন মেলা অনুষ্ঠিত হবে । পর্যটন মেলার সঙ্গে সঙ্গতি রেখে কয়েকটি আলোচনা সভা এবং বৈঠক অনুষ্ঠিত হবে । অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা , অরুনাচল প্রদেশের মুখ্যমন্ত্রী পেমা খান্ডু, কেন্দ্রীয় পর্যটন মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত , কেন্দ্রীয় বন্দর , জাহাজ ও জলপথ মন্ত্রী সর্বানন্দ সনোয়াল, কেন্দ্রীয় বৈদেশিক পরিক্রমা ও হস্ততাঁত দপ্তরের প্রতিমন্ত্রী পবিত্র মার্ঘেরিটা সহ কেন্দ্র ও রাজ্য সরকারের প্রবীন আধিকারিকরা অংশ গ্রহণ করবেন ।  পর্যটন মন্ত্রকের সচিব ভি বিদ্যাবতী ২৭শে নভেম্বর কাজিরাঙ্গায় অনুষ্ঠেয় আর্ন্তজাতিক পর্যটন মেলায় স্বাগত বক্তব্য রাখবেন । এই মেলার সঙ্গে সঙ্গতি রেখে কাজিরাঙ্গার কহরা সভাগৃহে উত্তর-পূর্বাঞ্চলের ৮টি রাজ্যের সরকার নিজ নিজ রাজ্যের পর্যটন ব্যবস্থা সম্পর্কে তথ্য পেশ করবেন ।

পর্যটন মন্ত্রনালয়ের সচিব ভি বিদ্যাবতী ২৭ নভেম্বর কাজিরাঙ্গায় অনুষ্ঠেয় আর্ন্তজাতিক পর্যটন মেলায় স্বাগত ভাষণ দেবেন । এই মেলার সঙ্গে সঙ্গতি রেখে কাজিরাঙ্গার কহরা সভাগৃহে উত্তর-পূর্বাঞ্চলের ৮টি রাজ্যের সরকার নিজ নিজ রাজ্যের পর্যটন ব্যবস্থা সম্পর্কে তথ্য উপস্থাপন করবে ।

---

হাইলাকান্দি জেলা প্রশাসনের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে জেলার গবাদি পশুর মালিকদের তাদের গবাদিপশুর ইয়ার ট্যাগিং করানোর জন্য আবেদন জানানো হয়েছে । ইয়ার ট্যাগিং করানো না হলে গবাদি পশু ক্রয় বিক্রয়ের ক্ষেত্রে অসুবিধার সম্মুখীন হতে হবে বলে প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে ।

---

নেহেরু যুব কেন্দ্রের হাইলাকান্দি শাখার পক্ষ থেকে নতুন দিল্লীতে আয়োজিত জাতীয় যুব উৎসব ২০২৫ এ যোগ দেওয়ার জন্য হাইলাকান্দি জেলার যুবকদেরকে অনলাইন ক্যুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণ করার আহ্বান জানানো হয়েছে । নেহেরু যুব কেন্দ্রের উপসঞ্চালক মেহবুব আলম লস্কর এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে আগামী ২৫ শে নভেম্বর থেকে ৫ই ডিসেম্বর পর্যন্ত mybharat.gov.in এ লগ ইন করে ক্যুইজ প্রতিযোগিতায় অংশগ্রহণ করা যাবে । বিশদ বিবরণের জন্য নেহেরু যুব কেন্দ্রের হাইলাকান্দি শাখার ফোন নম্বর ০৩৮৪৪-২২২৮৫৯ এ যোগাযোগ করতে বলা হয়েছে । উল্লেখ্য জেলা পর্যায়ের বিজয়ীরা রাজ্য পর্যায়ে এবং এরপর রাজ্য পর্যায়ের বিজয়ীরা জাতীয় স্তরে আয়োজিত যুবা উৎসবে অংশগ্রহণ করে প্রধানমন্ত্রীর সঙ্গে মত বিনিময় করার সুযোগ পাবেন ।

এরালিগুলের পন্ডিত দীনদয়াল উপাধ্যায় আদর্শ মহাবিদ্যালয়ের উদ্যোগে গত বুধবার জাতি সংঘ দিবস উপলক্ষে এক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয় । অনুষ্ঠানে মহাবিদ্যালয়ের অধ্যক্ষা ডঃ জয়শ্রী চক্রবর্তী জাতি সংঘ দিবসের গুরুত্ব সম্পর্কে আলোচনা করেন । অনুষ্ঠানে মুখ্য অতিথি হিসেবে অংশগ্রহণ করে রবীন্দ্র সদন গার্লস কলেজের অধ্যক্ষ ডঃ অশোক কুমার দাস জাতি সংঘের ভূমিকা , লক্ষ্য ও উন্নয়নের গুরুত্ব সম্পর্কে বক্তব্য রাখেন ।